

প্রধান শিক্ষকের অপসারণের দাবিতে বিদ্যালয়ে তালা

পার্বতীপুর প্রতিনিধি : গোপীনাথপুর
হাটদারীয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান
শিক্ষকের অপসারণের দাবিতে এলাকাবাসী
ওই বিদ্যালয়ে তালা লাগিয়ে দিয়েছে।
প্রধান শিক্ষক আঃ কাদেরের বিরুদ্ধে
নানারকম দুর্নীতি, অনিয়ম ও
বেচহাচারিতার অভিযোগ এনে বিদ্যালয়
এলাকাবাসী জেলা প্রশাসকের কাছে
স্মারকলিপি প্রদান করেছে।

গত বুধবার পার্বতীপুর প্রেসক্লাবে
আয়োজিত এক সংবাদ সম্মেলনে
এলাকাবাসী প্রধান শিক্ষকের অপসারণ
দাবি করে। সংবাদ সম্মেলনে এলাকাবাসী
জানায় প্রধান শিক্ষক আঃ কাদের একজন
দুর্নীতিপরায়ণ ব্যক্তি হওয়ায় বিধি-
বাহিতভাবে মেধা যাচাই না করে যেটা
অংকের অর্ধের বিনিময়ে শিক্ষক নিয়োগ
করছেন। সম্প্রতি ওই বিদ্যালয়ে কৃষিবিদ্যালয়
শিক্ষক পদে একজন শিক্ষক নেওয়া হয়েছে
যেটা অংকের উৎকর্ষের বিনিময়ে। প্রধান
শিক্ষক আঃ কাদের ও স্কুলের সভাপতি
হয়নাল আবেদানের যোগসাজশে মহিলা
কোটা ও মেধা যাচাই না করে এ নিয়োগ
প্রদান করা হয়েছে বলে এলাকাবাসী
লিখিত বক্তব্যে জানায়। এ বিষয়ে প্রধান
শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি
অভিযোগ অস্বীকার করেন। তিনি বলেন
এ সমস্ত তার বিরুদ্ধে একটি মহলের
মতামত।